

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ২৬ ডিসেম্বর, ২০১৫ ইংরেজি।

বিষয়ঃ কোস্ট ট্রাস্ট মানব সম্পদ নীতিমালা ২০১৩ এর বিভিন্ন ধারাসমূহের কিছু সংযোজন প্রসঙ্গে।

অদ্য ২৬ ডিসেম্বর ২০১৫ তারিখে কোস্ট ট্রাস্টের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ৮৭তম বোর্ড সভায় নিম্নলিখিত বিষয়গুলো অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। এগুলো অনুমোদনের পর কোস্ট ট্রাস্ট মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা ২০১৩ এর অংশ হিসেবে ২০ ডিসেম্বর ২০১৫ তারিখ থেকে কার্যকরী বলে ধরে নেয়া হবে।

**উপধারা: ১৬.৪.১ বাৎসরিক ছুটি:**

উপধারা: ১৬.৪.১ এ 'ছ' ধারা যুক্ত হবে এবং তা হলো-

কোন কর্মী বৃহস্পতিবার থেকে রবিবার পর্যন্ত ছুটি ভোগ করলে গুরু ও শনিবারও ছুটি হিসেবে গণ্য হবে এবং তা বাৎসরিক ছুটি থেকে কর্তন করা হবে। আবার কোন কর্মী রবিবার থেকে বৃহস্পতিবার ছুটি ভোগ করলে শেষের গুরুবার ও শনিবার ছুটির আওতায় আসবে। তবে কোন কর্মী যদি শুধুমাত্র বৃহস্পতিবার বা রবিবারে ছুটি কাটান তাহলে গুরু ও শনিবার ছুটির আওতায় আসবে না। এছাড়া অন্যান্য সরকারি ছুটির দিনের আগে বা পরে যদি কোন কর্মী ছুটি ভোগ করেন তাহলেও সরকারী ছুটি কর্মীর ছুটির সাথে যুক্ত হবে না। তবে সরকারী ছুটিকে মাঝখানে রেখে আগে ও পরে যদি ছুটি ভোগ করেন তাহলে সরকারী ছুটিও বাৎসরিক ছুটি হিসেবে গণ্য হবে। ১৬.৪.৩ ধারায় উল্লেখিত বিনাবেতনে ছুটির ক্ষেত্রে উপরোল্লিখিত নিয়ম প্রযোজ্য হবে।

উপধারা: ১৬.৪.১ এ 'জ' ধারা যুক্ত হবে এবং তা হলো-

কোন কর্মী যদি সকাল ৯.৩০ মিনিটের পরে অফিসে আসেন তাহলে প্রতি ৩ দিন দেরী করার জন্য ঐ মাসে ১ দিন করে বেতন কর্তন করা হবে।

উপধারা: ২২.১.১ এ 'ঝ' ধারা নতুন সংযোজন হবে এবং তাহলো-

শাখা ব্যবস্থাপক থেকে উপরের পদের চূড়ান্ত হিসাব সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা থেকে ক্রস চেক (Accounts Payee) এর মাধ্যমে প্রদান করা হবে।


প্রস্তাবনাকারী



সনত কুমার ভোঁমিক,  
পরিচালক,  
কোস্ট ট্রাস্ট।

Sanat K Bhowmik  
Director  
COAST Trust.

সুপারিশকারী



রেজাউল করিম চৌধুরী,  
নির্বাহী পরিচালক,  
কোস্ট ট্রাস্ট।

Rezaul Karim Chowdhury  
Executive Director  
COAST Trust

অনুমোদনকারী



বেগম শামসুন নাহার,  
চেয়ারপার্সন-বোর্ড অব ট্রাস্টি,  
কোস্ট ট্রাস্ট।

Begum Shamsun Nahar  
Chairperson-Board of Trustees  
COAST Trust